সমকাল

তারিখ 21 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 5

### ডিবেটিং সোসাইটির অনুষ্ঠানে ঢাবি উপাচার্য

# শিক্ষককে হেনস্তা সভ্য সমাজে হতে পারে না

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, নারায়ণগঞ্জে একজন প্রধান শিক্ষককে জনসমক্ষে যেভাবে হেনস্তা করা হয়েছে সেটা কোনো সভ্য সমাজে হতে পারে না। যারা এ ধরনের বর্বরোচিত আচরণ ও আক্রমণ করে তাদের মধ্যে মনুষ্যত্বের লেশমাত্র নেই। তাদের সুশিক্ষা দিতে হবে। গতকাল শুক্রবার বিকেলে বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। একই অনুষ্ঠানে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল শুধু পাস করে চাকরি পাওয়ার জন্য নয়। এখানকার ছাত্রদের পাস করে জাতিকে নেতৃত্ব দিতে হবে।

'প্রতিবাক' স্মারক গ্রন্থের প্রকাশনা ও বিতর্ক কর্মশালা উপলক্ষে টিএসসি মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি (ডিইউডিএস) অনুষ্ঠানটির আয়োজন করে। এতে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, সমাজে অপরাধ দমনের একটাই পথ। সেটি হচ্ছে অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার মধ্য দিয়ে অপরাধ দমন করা। তিনি বলেন, আজই (গতকাল) কুষ্টিয়ায় একজন হোমিও চিকিৎসককে হত্যা ও একজন বিশ্ববিদ্যালয় শিক্ষককে কুপিয়ে আহত করা হয়েছে। কয়েকদিন আগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক রেজাউল করিম সিদ্দিকীকে হত্যা করা হলো। যারা এসব হত্যাকাণ্ড ঘটাচ্ছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। নারায়ণগঞ্জের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে হেনস্তাকারীদের আইনের আওতায় আনার দাবি জানান তিনি।

বিশেষ অতিথির বক্তব্যে ঢাকা ইউনিভার্সিটি ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## শিক্ষককে হেনস্তা

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য হারিয়ে গেছে। পড়াশোনার মানও কমে গেছে। ঢাবির হারানো ঐতিহ্য পুনরুদ্ধার ও স্বপ্ন বাস্তবায়নে অ্যালামনাই প্রতিশ্রুতিবদ্ধ উল্লেখ করে তিনি জানান, এ জন্য গবেষণায় অর্থ বরাদ্দ, শিক্ষার্থীদের আবাসন সংকট নিরসন ও একটি আধুনিক হাসপাতাল নির্মাণের মধ্য দিয়ে চিকিৎসা ব্যবস্থার উন্নয়নে অ্যালামনাই কাজ শুরু করেছে।

হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ. কে. আজাদ বলেন, 'সরকারের বরাদ্দ দিয়ে এককভাবে ঢাবির উন্নয়ন সম্ভব নয়। তাই বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে সাবেক শিক্ষার্থীদেরও এগিয়ে আসতে হবে। ঢাবির ছাত্রদের জাতিকে নেতৃত্ব দেওয়ার আহ্বান জানিয়ে এফবিসিসিআইর সাবেক এ সভাপতি বলেন, শিক্ষা, সংস্কৃতি ও রাজনীতিতে নেতৃত্ব দিয়ে একজনকে প্রমাণ করতে হবে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র।

ডিইউডিএস সভাপতি জিএম আরিফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সহিদ আকতার হোসাইন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক আবু রায়হান। এ সময় উপস্থিত ছিলেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার, ডিইউডিএসের সাবেক সভাপতি বিরূপাক্ষ পাল, খাদেমুল করিম ইকবাল, আহকামউল্লাহ ও সৈয়দ আশিক।